



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ [info@nhrc.org.com](mailto:info@nhrc.org.com)

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞঃ/-২৩৯/১২-১১০

তারিখ: ১১ অক্টোবর ২০২০

### প্রেস বিজ্ঞপ্তি-

### সম্প্রতি ধর্ষণ বৃদ্ধির কারণ এবং নিরসনের উপায় সংক্রান্ত ওয়েবিনার

সম্প্রতি ধর্ষণের ঘটনা উদ্বেগজনক হারে বেড়ে যাওয়ায় আজ ১০ অক্টোবর ২০২০ তারিখ বেলা ১১.৩০ টায় জাতীয় মানবাধিকার কমিশনের মাননীয় চেয়ারম্যান নাছিমা বেগম এনডিসি এর সভাপতিত্বে সম্প্রতি ধর্ষণ বৃদ্ধির কারণ এবং নিরসনের উপায় শীর্ষক ওয়েবিনার অনলাইনে অনুষ্ঠিত হয়। কমিশনের চেয়ারম্যান ধর্ষকদের সামাজিকভাবে বয়কট করার পাশাপাশি ধর্ষণের শিকার নারী ও শিশুর পাশে সমাজের সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

সভায় নারী ও শিশুর প্রতি সহিংসতা, ধর্ষণের ঘটনা বৃদ্ধির বিষয়ে উদ্বেগ প্রকাশ করা হয়। পাশাপাশি নিম্নলিখিত সুপারিশ তুলে ধরা হয়। কমিশন এসকল সুপারিশ শীঘ্রই সরকারের নিকট প্রেরণ করবে।

- নারী ও শিশুর প্রতি সহিংসতা ও ধর্ষণ বন্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইনের সংজ্ঞাসহ বিভিন্ন ধারায় সংশোধন আনার পাশাপাশি আমাদের মানসিকতার পরিবর্তন করা
- শিশুদের পারিবারিক ও নৈতিক শিক্ষা দেওয়ার পাশাপাশি মাতা-পিতাকে তাদের সন্তানদের নজরদারিতে রাখা
- ইন্টারনেটে শিশুদের পর্ণগ্রাফি দেখাকে কঠোরভাবে নিয়ন্ত্রণ করার জন্য দ্রুত কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা
- নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জয় এ্যাপসের কার্যকরী ব্যবহার নিশ্চিত করা
- নারী ও শিশুর প্রতি সহিংসতা বন্ধে ভিকটিমকে সুরক্ষা এবং তাঁকে আইনি সহায়তা দেওয়া

সভায় কমিশনের সম্মানিত সদস্য জেসমিন আরা বেগম এবং ড. নমিতা হালদার এনডিসি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ড. সাদেকা হালিম, জয়শ্রী সমাদ্দার, জেলা জজ, লেজিসলেটিভ এবং সংসদ বিষয়ক মন্ত্রনালয়ের উপ সচিব জাম্মাতুল ফেরদৌস, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয়ের উপসচিব সাবিনা ফেরদৌস, এটিএন নিউজ এর হেড অফ নিউজ মুন্নি সাহা, ঢাকা বিশ্ববিদ্যালয়ের গনসংযোগ ও সাংবাদিকতা বিভাগের সহযোগী অধ্যাপক শবনম আজিম, রোকেয়া কবির, নির্বাহী পরিচালক, বিএনপিএস, শাহিন আনাম, নির্বাহী পরিচালক, মানুষের জন্য ফাউন্ডেশন, সালমা আলী, প্রেসিডেন্ট, বাংলাদেশ মহিলা আইনজীবী সমিতি, তাসলিমা ইয়াসমিন, সহকারী অধ্যাপক, ঢাবি, বাংলাদেশ মহিলা পরিষদের প্রতিনিধি এডভোকেট মাসুদা রেহানা বেগম এবং এনজিও/আইএনজিও এর প্রতিনিধি, শিক্ষাবিদসহ আরও অনেকে সভায় বক্তব্য রাখেন।

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত/-

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ